# NYC জেলাকরণ কমিশন 101

এ প্রাইমার

5 আগস্ট, 2022 তারিখে সংশোধিত

# ভূমিকা

- মার্কিন সংবিধানে প্রতি দশ বছর অন্তর জনসংখ্যার আদমশুমারি করার বিধান রয়েছে।
- এই মার্কিন আদমশুমারি সংবিধানের এক-ব্যক্তি, এক-ভোট মতবাদকে প্রতিফলিত করার জন্য সারা দেশজুড়ে ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন প্রণেতা জেলাগুলির পুণঃজেলাকরণকে ত্বরান্বিত করে।

# NYC জেলাকরণ কমিশন

- New York শহরে, সিটি চার্টার, নিউ ইয়র্কের জেলাকরণ কমিশনকে 51টি নতুন সিটি কাউন্সিলের মানচিত্র আঁকার দায়িত্ব অর্পণ করে।
- কমিশনটিতে 15 জন সদস্য আছে। সাতজনকে মেয়র কর্তৃক নিয়োগ করা হয়। আটজনকে সিটি কাউন্সিল কর্তৃক নিয়োগ করা হয়। পাঁচজনকে কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে এবং তিনজনকে কাউন্সিলের সংখ্যালঘুতার ভিত্তিতে নিয়োগ করা হয়।
- কমিশনের সদস্য নির্বাচনের নির্ণায়ক হল বরো, রাজনৈতিক দল, সংখ্যালঘুতা, স্থিতি এবং বৈচিত্র্য।

## কমিশনারগণ

Dennis M. Walcott, চেয়ারম্যান

Yovan Samuel Collado

মাননীয় Marilyn D. Go

Kevin John Hanratty

Maria Mateo, এসকোয়ায়ার

Joshua Schneps

Lisa Sorin

মনসিন'র Kevin Sullivan

Kai-Ki Wong

Maf Misbah Uddin

Michael Schnall

Kristin Johnson

Gregory W. Kirschenbaum

Marc Wurzel

Dr. Darrin K. Porcher

## সিনিয়র স্টাফ

John Flateau, এক্সিকিউটিভ ডিরেক্টর

Grace Pyun, জেনারেল কাউন্সেল

Joe Maligno, ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর

Ali Rasoulinejad, চিফ অফ স্টাফ

Eddie Borges, কমিউনিকেশনস ডিরেক্টর

LaToya Benjamin, ডেপুটি চিফ অফ স্টাফ

# এটি কেন গুরুত্বপূর্ণ?

- New York শহরের জনসংখ্যা 2010 সালে 8.2 মিলিয়ন থেকে বেড়ে 2020 সালে 8.8 মিলিয়নে পৌঁছেছে।
- মুটামুটি 630,000 মানুষ শহরটিতে নতুন যুক্ত হয়েছে।
- 51টি সিটি কাউন্সিল জেলা এবং 8.8 মিলিয়ন জনসংখ্যা, এর অর্থ হল কমিশনকে অবশ্যই এমনভাবে নতুন জেলাগুলি আঁকতে হবে যার প্রতিটিতে গড়ে 172,882 জন বাসিন্দা থাকবে।

# এটি কেন গুরুত্বপূর্ণ?

- সিটি কাউন্সিল হল মেয়রের সাথে স্থানীয় সরকারের সমমানের শাখা
- সিটি কাউন্সিলের শহরের $101 বিলিয়ন ডলার বাজেটের উপর এবং নিম্নলিখিত ধরণের সমস্যার ক্ষেত্রে ভোটের উপর ক্ষমতা প্রদত্ত আছে যেমন:
  - হাউজিং অ্যাক্সেস প্রোগ্রামের সম্প্রসারণ
  - ছোট বাড়ির মালিকদের জন্য সম্পত্তি কর ছাড়
  - পার্ক পুনঃপ্রতিষ্ঠা এবং জঞ্জাল সাফাই
  - কমিউনিটির নিরাপত্তা কর্মসূচিতে বিনিয়োগ
- এ কারণেই নতুন কাউন্সিল জেলা গঠনে নিউ ইয়র্কবাসীর মতামত গুরুত্বপূর্ণ

# জনসংখ্যার গতিধারা

- কমিশনকে অবশ্যই নতুন মানচিত্র আঁকতে হবে যা সাধারণ জনসংখ্যা এবং আমাদের হিস্পানিক ও এশিয়ান জনসংখ্যার বৃদ্ধিকে প্রতিফলিত করবে, যা গত আদমশুমারির পর থেকে বিস্ফোরিত হয়েছে।
- হিস্পানিকরা প্রায় 154,000 লোকে উপনিত হয়েছে।
- এশিয়ানদের ক্ষেত্রে সংখ্যাটা 345,000 লোক।
- এদিকে শহরের কৃষ্ণ এবং শুভ্র জনসংখ্যা যথাক্রমে 84,000 এবং 3,000 জনে সঙ্কুচিত হয়েছে

# 1965 সালের ভোটাধিকার আইন

- মানচিত্র আঁকার সময় কমিশনকে অবশ্যই যে আইনী বিবেচনাগুলি করতে হবে তার মধ্যে একটি হল 1965 সালের ফেডারেল ভোটাধিকার আইন। 1
- এটি একটি নতুন জেলার মানচিত্রকে জাতিগত এবং ভাষাগত সংখ্যালঘুদের ভোটের ক্ষমতা অস্বীকার করা বা মুছে ফেলা থেকে বাঁধা প্রদান করে।

1 সুপ্রিম কোর্টের মামলা Shelby County v. Holder, 570 U.S. 529 (2013) অনুসারে, নিউইয়র্ক সিটিকে ভোটাধিকার আইনের ধারা 5 অনুসারে মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ থেকে এর মানচিত্রগুলির অগ্রিম ছাড়পত্র নেওয়ার প্রয়োজন নেই।

# জনসংখ্যা বিচ্যুতি

উপস্থাপিত এক ব্যক্তি এক ভোট মতবাদ অনুসারে জনসংখ্যার ক্ষেত্রে জেলাগুলি মোটামুটি সমান হওয়া উচিত, কিন্তু NYC কাউন্সিল জেলাগুলিকে এক স্তর বিচ্যুতির অনুমতি দেওয়া হয়েছে--আইন একটি "পাঁচ শতাংশ বিচ্যুতি" নিয়ম প্রদান করে।

কাউন্সিল জেলাগুলির গড় জনসংখ্যা হল 172,882. এই পাঁচ শতাংশ নিয়মের অনুসারে, সবচেয়ে কম জনবহুল জেলা এবং সর্বাধিক জনবহুল জেলার মধ্যে পার্থক্য পাঁচ শতাংশের বেশি হতে পারবেনা। উদাহরণস্বরূপ, যদি সবচেয়ে কম জনবহুল জেলাটির জনসংখ্যা হয় 168,900 (গড়ের চেয়ে প্রায় 2.3% কম) তাহলে সর্বাধিক জনবহুল জেলাটির জনসংখ্যা 177,549 (গড়ের চেয়ে প্রায় 2.7% বেশি) এর অধিক হতে পারবেনা।

# সিটি চার্টারের মানদণ্ড

সিটি চার্টার এছাড়াও চায় যে জেলা মানচিত্র যেন ভোটাধিকার আইন (VRA) দ্বারা সুরক্ষিত জাতিগত এবং ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীগুলির "ন্যায্য এবং কার্যকর প্রতিনিধিত্ব" নিশ্চিত করে।

অতিরিক্তভাবে, চার্টার কমিশনের কাছে চায়:

## জেলাকরণে দরকারী বিষয়বস্তু

1. আশেপাশের এলাকা এবং কমিউনিটিগুলি অক্ষত রাখা।
2. জেলাগুলোকে নিবিড় রাখা।
3. ক্রসওভার জেলাগুলোকে সীমিত করা।
4. একই রাজনৈতিক দলের ভোটারদের কার্যকর প্রতিনিধিত্ব হ্রাস করার উদ্দেশ্যে এই ধরনের ভোটারদের বিভক্ত করা এড়িয়ে চলা।
5. অদ্ভুত আকৃতির জেলাগুলি এড়িয়ে চলা।

# জেলাকরণে দরকারী বিষয়বস্তু (চলবে)

- **সংলগ্ন জেলাগুলি।** চার্টারের চাওয়া হচ্ছে প্রতিটি জেলাকেই সংলগ্ন হতে হবে। যখনই কোন জেলার একটি অংশকে জল দ্বারা পৃথক করা হয়, সেখানে অবশ্যই একটি সেতু, টানেল, ট্রামওয়ে বা নিয়মিত ফেরি পরিষেবা দ্বারা একটি সংযোগ রাখতে হবে।
- **ক্রসওভার জেলাগুলিতে সীমাবদ্ধতা।** যদিও জেলাগুলির বরো লাইন অতিক্রম করা উচিত নয়, "যদি একটি জেলা দুটি বরোতে অন্তর্ভুক্ত হয়, তবে অন্য কোনো জেলা একই দুটি বরোতে অতিক্রম করতে পারবে না।"

# জন নিবেশ

- কমিশন পুণঃজেলাকরণ প্রক্রিয়ার মধ্যে জনসাধারণের ইনপুট বা নিবেশকে অন্তর্ভুক্ত করার জন্য নিবেদিত।
- জনসাধারণ এভাবে অংশগ্রহণ করতে পারে বা তাদের নিবেশ বা ইনপুট শেয়ার করতে পারে:
    - গণশুনানিতে সাক্ষ্য প্রদান করে
    - সাক্ষ্য, publictestimony@redistricting.nyc.gov এই ঠিকানায় ইমেইল করে
    - সাক্ষ্য, 253 Broadway, 3rd Floor, New York, NY 1007 এই ঠিকানায় ডাকযোগে পাঠিয়ে
    - নিজেই নিজের মানচিত্র তৈরী করতে Districtr ব্যাবহার করে
- নিউ ইয়র্কবাসীরা তাদের নিজস্ব কমিউনিটির ব্যাপারে বিশেষজ্ঞ, এবং সিটি কাউন্সিল জেলার লাইনগুলি পুনরায় আঁকলে কমিশনের উচিৎ তাদের কথাও শোনা।

# সময়সীমা

চার্টার জেলাকরন প্রক্রিয়ার জন্য কিছু নির্দিষ্ট সময়সীমা প্রদান করে – উদাহরণস্বরূপ, কাউন্সিলে খসড়া মানচিত্র জমা দেওয়া, পরিকল্পনাগুলি জনসাধারণের পরিদর্শন ও মন্তব্যের জন্য উপলভ্য করা, এবং সংশোধিত মানচিত্র জমা দেওয়ার বিভিন্ন সময়সীমা রয়েছে।

এই সময়সীমাগুলি যুক্তিসঙ্গতভাবে বাড়ানো যেতে পারে যাতে জেলাকরণ কমিশন জনসাধারণের ইনপুটকে বিবেচনায় নেয় এবং আইন মেনে চলে এমন জেলার মানচিত্র আঁকতে তার লক্ষ্য অর্জন করতে পারে।

একটি চূড়ান্ত পরিকল্পনা জমা দেওয়ার জন্য কমিশনের সময়সীমা হল 7ই ডিসেম্বর, 2022

# NYC জেলাকরণ কমিশন ক্যালেন্ডার

(পরিবর্তন সাপেক্ষে)

| পর্যায় | তারিখ |
|---|---|
| পাঁচটি বরোর গণশুনানি | 25 মে, 27 ও 29 জুন, 6 ও 7 জুলাই |
| প্রাথমিক পরিকল্পনা প্রকাশের জন্য কমিশনের ভোট | 15ই জুলাই |
| পাঁচটি বরোর গণশুনানি<br>(বিকাল 5:30টা থেকে রাত 9টা, যদি না অন্য কোনোভাবে বলা থাকে) | 16 আগস্ট (Qeens – মিউজিয়াম অফ দ্য মুভিং ইমেজ)<br>17 আগস্ট (Bronx – Lehman College, সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY))<br>18 আগস্ট (Staten Island – Borough Hall)<br>21 আগস্ট (Brooklyn – Medgar Evers College (CUNY)) - *বিকাল 3:30টা থেকে রাত 7টা*<br>22 আগস্ট (Manhattan – Schomburg Center for Research in Black Culture) |
| সিটি কাউন্সিলের কাছে পরিকল্পনা জমাদান | 22 সেপ্টেম্বর |

# প্রক্রিয়া


গণশুনানির প্রথম রাউন্ড
খসড়া পরিকল্পনার উপর ভোট দিতে কমিশনের জনসভা
গণশুনানির দ্বিতীয় রাউন্ড
চূড়ান্ত পরিকল্পনার উপর ভোট দিতে কমিশনের জনসভা
সিটি কাউন্সিলের কাছে পরিকল্পনা জমাদান
সিটি কাউন্সিল কর্তৃক পরিকল্পনা বিবেচনা করা
কাউন্সিলের আনুষ্ঠানিক আপত্তি
কমিশনের জনসভা
কমিশন কর্তৃক সংশোধিত খসড়া প্রকাশ
গণশুনানির তৃতীয় রাউন্ড
কমিশনের জনসভা
কমিশন কর্তৃক সিটি ক্লার্কের কাছে চূড়ান্ত পরিকল্পনা জমাদান
সিটি কাউন্সিলের অনুমোদন বা নিষ্ক্রিয়তা
কমিশন কর্তৃক সিটি ক্লার্কদের কাছে চূড়ান্ত পরিকল্পনা জমাদান

# সংস্থান

- Preliminary Plan (প্রাথমিক পরিকল্পনা)
- Districtr – Build your own City Council district (জেলা – আপনার নিজের সিটি কাউন্সিল জেলা তৈরি করুন!)
- NYC Department of City Planning Census Maps (NYC নগর পরিকল্পনা বিভাগের আদমশুমারীর মানচিত্র)
- Current City Council Maps (বর্তমান সিটি কাউন্সিল মানচিত্র)
- NYC Open data (NYC উন্মুক্ত উপাত্ত)

51টি সিটি কাউন্সিলের মানচিত্রে সাক্ষ্য জমা দিতে চান এমন যে কেউ কমিশনকে publictestimony@redistricting.nyc.gov এই ঠিকানায় লিখতে পারেন।